৬/ দৈনিক সংবাদ

তারিখ 01 SEP 1988
পৃষ্ঠা ৭ কলাম ৩

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরো দু'টি পরীক্ষা পিছিয়ে দেয়া হয়েছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরো দু'টি পরীক্ষা পিছিয়ে দেয়া হয়েছে। ১৯৮৭ সালের প্রিলিমিনারী মাষ্টার্স ডিগ্রী এবং ডিগ্রী অনার্স পরীক্ষা পূর্বঘোষিত তারিখের বদলে যথাক্রমে আগামী ১০ই সেপ্টেম্বর এবং ১৮ই সেপ্টেম্বর থেকে শুরু হবে। ধর্মঘটজনিত কারণে এ ব্যবস্থা নেয়া হয়েছে বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে।

সংশ্লিষ্ট অপর এক সূত্রে জানা গেছে, এ বছরের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষা শুরুর তারিখ আরো ১ মাস পিছিয়ে যেতে পারে। এ পরীক্ষা আগামী ২২শে অক্টোবর শুরু হবার কথা।

## বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছুদের জ্ঞাতব্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে 'ঘ' ইউনিটে বিজ্ঞান শাখার ভর্তিচ্ছুক প্রার্থীদের মধ্য থেকে বাংলা, দর্শন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও আরবী বিভাগে অল্পসংখ্যক খালি আসন পূরণ করার উদ্দেশ্যে ৯০১ থেকে ১০০০ পর্যন্ত মেধাক্রমধারী ভর্তি প্রার্থীদের আগামী ৭ই সেপ্টেম্বরের মধ্যে দরখাস্ত করতে বলা হয়েছে। আগামী ১০ই সেপ্টেম্বর বিকেল ৩টায় দরখাস্তকারীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। যারা আরবী বিভাগে ভর্তি হতে ইচ্ছুক, তাদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে আরবী অবশ্যই থাকতে হবে।

032